

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুর রাসূল (ছাঃ) (্রুট্রিভার্নার নির্দার নির্দার আল-গালিব

ফর্য ছালাত বাদে সম্মিলিত দো'আ (الدعاء الجماعي بعد الصلاة المكةوبة)

ফর্য ছালাত শেষে সালাম ফিরানোর পরে ইমাম ও মুক্তাদী সম্মিলিতভাবে হাত উঠিয়ে ইমামের সরবে দো'আ পাঠ ও মুক্তাদীদের সশব্দে 'আমীন' 'আমীন' বলার প্রচলিত প্রথাটি দ্বীনের মধ্যে একটি নতুন সৃষ্টি। রাসূলুল্লাহ (ছাঃ) ও ছাহাবায়ে কেরাম হ'তে এর পক্ষে ছহীহ বা যঈফ সনদে কোন দলীল নেই। বলা আবশ্যক যে, আজও মক্কা-মদ্বীনার দুই হারাম-এর মসজিদে উক্ত প্রথার কোন অস্তিত্ব নেই।

প্রচলিত সম্মিলিত দো'আর ক্ষতিকর দিক সমূহ:

- (১) এটি সুন্নাত বিরোধী আমল। অতএব তা যত মিষ্ট ও সুন্দর মনে হৌক না কেন সূরায়ে কাহ্ফ-এর ১০৩-৪ নং আয়াতের মর্ম অনুযায়ী ঐ ব্যক্তির ক্ষতিগ্রস্ত আমলকারীদের অন্তর্ভুক্ত হবার সমূহ সম্ভাবনা রয়েছে।
- (২) এর ফলে মুছল্লী স্বীয় ছালাতের চাইতে ছালাতের বাইরের বিষয় অর্থাৎ প্রচলিত 'মুনাজাত'কেই বেশী গুরুত্ব দেয়। আর এজন্যেই বর্তমানে মানুষ ফরয ছালাতের চাইতে মুনাজাতকে বেশী গুরুত্ব দিচ্ছে এবং 'আখেরী মুনাজাত' নামক বিদ'আতী অনুষ্ঠানে যোগ দিতে বেশী আগ্রহ বোধ করছে ও দলে দলে সেখানে ভিড় জমাচ্ছে।
- (৩) এর মন্দ পরিণতিতে একজন মুছল্লী সারা জীবন ছালাত আদায় করেও কোন কিছুর অর্থ শিখে না। বরং ছালাত শেষে ইমামের মুনাজাতের মুখাপেক্ষী থাকে।
- (৪) ইমাম আরবী মুনাজাতে কী বললেন সে কিছুই বুঝতে পারে না। ওদিকে নিজেও কিছু বলতে পারে না। এর পূর্বে ছালাতের মধ্যে সে যে দো'আগুলো পড়েছে, অর্থ না জানার কারণে সেখানেও সে অন্তর ঢেলে দিতে পারেনি। ফলে জীবনভর ঐ মুছল্লীর অবস্থা থাকে 'না ঘরকা না ঘাটকা'।
- (৫) মুছল্লীর মনের কথা ইমাম ছাহেবের অজানা থাকার ফলে মুছল্লীর কেবল 'আমীন' বলাই সার হয়। (৬) ইমাম ছাহেবের দীর্ঘক্ষণ ধরে আরবী-উর্দূ-বাংলায় বা অন্য ভাষায় করুণ সুরের মুনাজাতের মাধ্যমে শ্রোতা ও মুছল্লীদের মন জয় করা অন্যতম উদ্দেশ্য থাকতে পারে। ফলে 'রিয়া' ও 'শ্রুতি'-র কবীরা গোনাহ হওয়ার সম্ভাবনা থাকে। 'রিয়া'-কে হাদীছে الشرك الأصغر বা 'ছোট শিরক' বলা হয়েছে। [204] যার ফলে ইমাম ছাহেবের সমস্ত নেকী বরবাদ হয়ে যাওয়ার নিশ্চিত সম্ভাবনা সৃষ্টি হ'তে পারে।

ছালাতে হাত তুলে সম্মিলিত দো'আ :

- (১) 'ইস্তিসকা' অর্থাৎ বৃষ্টি প্রার্থনার ছালাতে ইমাম ও মুক্তাদী সম্মিলিতভাবে দু'হাত তুলে দো'আ করবে। এতদ্বাতীত
- (২) 'কুনৃতে নাযেলাহ' ও 'কুনৃতে বিতরে'ও করবে।

একাকী দু'হাত তুলে দো'আ :

ছালাতের বাইরে যে কোন সময়ে বান্দা তার প্রভুর নিকটে যে কোন ভাষায় দো'আ করবে। তবে হাদীছের দো'আই উত্তম। বান্দা হাত তুলে একাকী নিরিবিলি কিছু প্রার্থনা করলে আল্লাহ তার হাত খালি ফিরিয়ে দিতে লজ্জা বোধ



করেন।[205] খোলা দু'হস্ততালু একত্রিত করে চেহারা বরাবর সামনে রেখে দো'আ করবে।[206] দো'আ শেষে মুখ মাসাহ করার হাদীছ যঈফ। [207] বরং উঠানো অবস্থায় দো'আ শেষে হাত ছেড়ে দিবে।

- (১) রাসূলুল্লাহ (ছাঃ) স্বীয় উম্মতের জন্য আল্লাহর নিকট হাত উঠিয়ে একাকী কেঁদে কেঁদে দো'আ করেছেন।[208]
- (২) বদরের যুদ্ধের দিন তিনি কিবলামুখী হয়ে আল্লাহর নিকটে একাকী হাত তুলে কাতর কণ্ঠে দো'আ করেছিলেন। [209]
- (৩) বনু জাযীমা গোত্রের কিছু লোক ভুলক্রমে নিহত হওয়ায় মর্মাহত হয়ে রাসূলুল্লাহ (ছাঃ) একাকী দু'বার হাত উঠিয়ে আল্লাহর নিকটে ক্ষমা চেয়েছিলেন।[210]
- (৪) আওত্বাস যুদ্ধে আবু মূসা আশ'আরী (রাঃ)-এর নিহত ভাতিজা দলনেতা আবু 'আমের আশ'আরী (রাঃ)-এর জন্য ওযূ করে দু'হাত তুলে একাকী দো'আ করেছিলেন।[211]
- (৫) তিনি দাওস কওমের হেদায়াতের জন্য ক্বিবলামুখী হয়ে একাকী দু'হাত তুলে দো'আ করেছেন।[212] এতদ্ব্যতীত
- (৬) হজ্জ ও ওমরাহ কালে সাঈ করার সময় 'ছাফা' পাহাড়ে উঠে কা'বার দিকে মুখ ফিরিয়ে দু'হাত তুলে দো'আ করা।[213]
- (৭) আরাফার ময়দানে একাকী দু'হাত তুলে দো'আ করা।[214]
- (৮) ১ম ও ২য় জামরায় কংকর নিক্ষেপের পর একটু দূরে সরে গিয়ে ক্বিলামুখী হয়ে দু'হাত তুলে দো'আ করা। [215]
- (৯) মুসাফির অবস্থায় হাত তুলে দো'আ করা।[216]

তাছাড়া জুম'আ ও ঈদায়েনের খুৎবায় বা অন্যান্য সভা ও সম্মেলনে একজন দো'আ করলে অন্যেরা (দু'হাত তোলা ছাড়াই) কেবল 'আমীন' বলবেন। [217] এমনকি একজন দো'আ করলে অন্যজন সেই সাথে 'আমীন' বলতে পারেন।

উল্লেখ্য যে, দো'আর জন্য সর্বদা ওয়ূ করা, ক্বিলামুখী হওয়া এবং দু'হাত তোলা শর্ত নয়। বরং বান্দা যে কোন সময় যে কোন অবস্থায় আল্লাহর নিকটে প্রার্থনা করবে। যেমন খানাপিনা, পেশাব-পায়খানা, বাড়ীতে ও সফরে সর্বদা বিভিন্ন দো'আ করা হয়ে থাকে। আর আল্লাহ যে কোন সময় যে কোন অবস্থায় তাঁকে আহবান করার জন্য বান্দার প্রতি নির্দেশ দিয়েছেন।[218]

কুরআনী দো'আ:

রুকু ও সিজদাতে কুরআনী দো'আ পড়া নিষেধ আছে।[219] তবে মর্ম ঠিক রেখে সামান্য শাব্দিক পরিবর্তনে পড়া যাবে। যেমন রববানা আ-তিনা ফিব্দুন্ইয়া ... (বাক্বারাহ ২/২০১)-এর স্থলে আল্লা-হুম্মা রববানা আ-তিনা অথবা আল্লা-হুম্মা আ-তিনা ফিব্দুন্ইয়া ...বলা।[220] অবশ্য শেষ বৈঠকে তাশাহহুদের পরে সালাম ফিরানোর পূর্বে কুরআনী দো'আ সহ ছহীহ হাদীছ ভিত্তিক সকল প্রকারের দো'আ পাঠ করা যাবে।

ফুটনোট

[204] . আহমাদ, মিশকাত হা/৫৩৩৪ 'হৃদয় গলানো' অধ্যায়-২৬, 'লোক দেখানো ও শুনানো' অনুচ্ছেদ-৫।



- [205] . আবুদাঊদ, মিশকাত হা/২২৪৪, 'দো'আ সমূহ' অধ্যায়-৯।
- [206] . আবুদাউদ হা/১৪৮৬-৮৭, ৮৯; ঐ, মিশকাত হা/২২৫৬।
- [207] . আবুদাঊদ, তিরমিয়ী, মিশকাত হা/২২৪৩, ৪৫, ২২৫৫ 'দো'আ সমূহ' অধ্যায়-৯; আলবানী বলেন, দো'আর পরে দু'হাত মুখে মোছা সম্পর্কে কোন ছহীহ হাদীছ নেই। মিশকাত, হাশিয়া ২/৬৯৬ পৃঃ; ইরওয়া হা/৪৩৩-৩৪, ২/১৭৮-৮২ পৃঃ।
- [208] . মুসলিম হা/৪৯৯, 'ঈমান' অধ্যায়-১, 'উম্মতের জন্য রাসূলুল্লাহ (ছাঃ)-এর দো'আ করা' অনুচ্ছেদ-৮৭।
- [209] . মুসলিম হা/৪৫৮৮ 'জিহাদ' অধ্যায়-৩২, অনুচ্ছেদ-১৮, 'বদরের যুদ্ধে ফেরেশতাগণের দ্বারা সাহায্য প্রদান'।
- [210] . বুখারী, মিশকাত হা/৩৯৭৬ 'জিহাদ' অধ্যায়-১৯, অনুচ্ছেদ-৫; বুখারী হা/৪৩৩৯ 'দো'আ সমূহ' অধ্যায়-৮০, 'দো'আয় হাত উঁচু করা' অনুচ্ছেদ-২৩।
- [211] . এটি ছিল ৮ম হিজরীতে সংঘটিত 'হোনায়েন' যুদ্ধের পরপরই। বুখারী হা/৪৩২৩, 'যুদ্ধ-বিগ্রহ সমূহ' অধ্যায়-৬৪, 'আওত্বাস যুদ্ধ' অনুচ্ছেদ-৫৬।
- [212] . বুখারী, আল-আদাবুল মুফরাদ হা/৬১১; মুত্তাফার্ক 'আলাইহ, মিশকাত হা/৫৯৯৬।
- [213] . আবুদাউদ হা/১৮৭২; মুসলিম, মিশকাত হা/২৫৫৫।
- [214] . নাসাঈ হা/৩০১১ ৷
- [215] . বুখারী হা/১৭৫১-৫৩, 'হজ্জ' অধ্যায়-২৫, 'জামরায় কংকর নিক্ষেপ ও হাত উঁচু করে দো'আ' অনুচ্ছেদ-১৩৯-৪২।
- [216] . মুসলিম, মিশকাত হা/২৭৬০।
- [217] . ছহীহ আল-আদাবুল মুফরাদ হা/৪৬১; ফাতাওয়া লাজনা দায়েমা ৮/২৩০-৩১; ফাতাওয়া আরকানিল ইসলাম পৃঃ ৩৯২।
- [218] . বাকারাহ ২/১৮৬, মুমিন/গাফের ৪০/৬০; বুখারী 'দো'আ সমূহ' অধ্যায়-৮০, অনুচ্ছেদ-২৪, ২৫ ও অন্যান্য অনুচ্ছেদ সমূহ।



[219] . মুসলিম, মিশকাত হা/৮৭৩ 'ছালাত' অধ্যায়-৪, 'রুকূ' অনুচ্ছেদ-১৩ ; নায়ল ৩/১০৯ পৃঃ।

[220] . বুখারী হা/৪৫২২; মুত্তাফারু 'আলাইহ, মিশকাত হা/২৪৮৭, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, 'সারগর্ভ দো'আ' অনুচছেদ-৯।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9215

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন